

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

স্মারকনং-বশিবো/বিনি/জে এস সি/০১/২০১৪/ ১৯৬

তারিখঃ ১৭/০৯/২০১৪খ্রি.

বিষয়ঃ জে এস সি - ২০১৪ এর নিবন্ধন কার্ড গ্রহণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত, পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের এমর্মে জানানো যাচ্ছে যে, জে এস সি ২০১৪ শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বোর্ডের বিদ্যালয় নিবন্ধন শাখা হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ক্ষমতাপ্রাপ্ত শিক্ষককে গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল। যে সকল নিবন্ধন কার্ডে অসংগতি পরিলক্ষিত হবে সে সকল কার্ড শিক্ষার্থীদের নিকট বিলি না করে বোর্ডে জমা দেয়ার জন্য বলা হলো। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নামের আক্ষরিক, জন্ম তারিখ এবং বিষয় কোড ভুল হলে ২৯/০৯/১৪ তারিখ থেকে ৩০/০৯/১৪ তারিখ পর্যন্ত বিদ্যালয় নিবন্ধন শাখা থেকে ২৫০/- (দুইশতপঞ্চাশ) টাকার ডিডি/পে অর্ডার দিয়ে সংশোধন করা যাবে (সংশোধনের জন্য প্রধান শিক্ষকের আবেদন, শিক্ষার্থীর জন্ম সনদ, শিক্ষার্থীর সমাপনি সনদের সত্যায়িত কপি, পিতা ও মাতার ভোটার আই, ডি কার্ডের কপি অবশ্যই সংযুক্ত থাকতে হবে)। উল্লেখ্য একই শিক্ষার্থীর একাধিক ভুলের জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার ডিডি/পে অর্ডার দিয়ে সংশোধন করা যাবে। তবে নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি না থাকলে উক্ত শিক্ষার্থীর ১x ১ সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে প্রধান শিক্ষক সত্যায়িত করে বোর্ডে জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর করিয়ে নিতে হবে। কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে ছবি পরিবর্তন হয়ে গেলে উক্ত শিক্ষার্থীর নিবন্ধন কার্ড বিতরণ না করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য বলা হলো।

ক্রম	উপজেলার নাম	চূড়ান্ত নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	বার
০১	ঝালকাঠী সদর, কাঠালিয়া, বাউফল, দশমিনা, দৌলতখান, মনপুরা,	১৮/০৯/১৪	বৃহস্পতি
০২	বরুয়া সদর, পাথরঘাটা, বাকেরগঞ্জ, মহেন্দ্রগঞ্জ, তজুমদ্দিন, লালমোহন,	২১/০৯/১৪	রবি বার
০৩	ভোলা সদর, চরফ্যাশন, সৌরনদী, বাবুগঞ্জ, তালতলী, বামনা	২২/০৯/১৪	সোম
০৪	রোতাগী, আমতলী, অট্টালঝাড়া, হিজলা, জিয়ানগর, ভদ্রিয়া	২৩/০৯/১৪	মঙ্গল
০৫	পিরোজপুর সদর, মঠবাড়িয়া, রঙ্গাবালী, দুমকী, বানারীপাড়া, উজিরপুর	২৪/০৯/১৪	বুধ
০৬	বরিশাল সদর, মুলাদী, কলাপাড়া, মির্জাপুর, ককরাপাড়া, নাজিরপুর,	২৫/০৯/১৪	বৃহস্পতি
০৭	পটুয়াখালী সদর, গলাচিপা, কাউখালি, বোরহানউদ্দিন, নলাছিটি, রাজাপুর।	২৮/০৯/১৪	রবি

মো: আবুল বশার তালুকদার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত

মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।

০৩। পি এস টু চেয়ারম্যান, বশিবো

০৪। সংরক্ষণ নথি।